

## Answer Key

প্রঃ ১) নীচের শব্দগুলির অর্থ লেখো :-

- (ক) কল্লোল - ঢেউ      (খ) পোত - নৌকা, জাহাজ প্রভৃতি জলযান  
(গ) কন্দর - গুহা      (ঘ) অবুদ - দশকোটি সংখ্যা  
(ঙ) আমসী - কাঁচা আমের টুকরো শুকিয়ে অম্ল খাদ্য বিশেষ।

প্রঃ ২)

(ক) শুষ্ক পৃথিবীর বুকে যখন ক্ষুদ্র ক্ষুদ্র বৃষ্টিকণা অজস্র ধারা হয়ে ঝরে পড়ে তখন গাছপালা মাথা নেড়ে দুলতে থাকে। নদীগুলি বিশাল ঢেউ নিয়ে খেলতে থাকে। ধানক্ষেতগুলি মাথা নামিয়ে প্রণাম জানায়। চাষী চাষ করতে থাকে। এইভাবে পৃথিবী আনন্দ প্রকাশ করে।

(খ) ক্ষুদ্র বৃষ্টিবিন্দু একত্রিত হয়ে অজস্র বৃষ্টিধারার সৃষ্টি করবে। তারফলে শস্য জন্মাবে, মানুষ ও কীটপতঙ্গ বাঁচবে, নদীপথে বাণিজ্য হবে। এইভাবে বৃষ্টি পৃথিবীকে রক্ষা করবে।

(গ) "বৃষ্টি" রচনা থেকে আমরা একটা শিক্ষাই পাই - সেটি হল, "একতাই বল"। সকলে একত্রিত থাকলে কেউ কখনও ক্ষতি করতে পারে না।

প্রঃ ৩) নীচের শব্দগুলির পদ পরিবর্তন করো :-

- (ক) পুষ্টি - পুষ্ট      (খ) ঐক্য - এক      (গ) তুচ্ছ - তুচ্ছতা  
(ঘ) পৃথিবী - পার্থিব      (ঙ) আহ্লাদ - আহ্লাদিত

গদ্যাংশ : - "বৃষ্টি"

পাঠমালা - ৬০

বাড়ির কাজ :-

নৈব্যক্তিক ও ব্যাকরণভিত্তিক প্রশ্নাবলি :-

ঙ) শূন্যস্থান পূরণ করো :-

দেখ ভাই, কেহ একা নামিও না। ঐক্যই বল, নহিলে আমরা কেহ নই।  
চল, আমরা ক্ষুদ্র বৃষ্টিবিন্দু কিন্তু পৃথিবী রাখিবা। শস্যক্ষেত্রে শস্য জন্মাইব, মনুষ্য  
বাঁচিবে।

চ) ঠিক উত্তরের পাশে (✓) চিহ্ন ও ভুল উত্তরের পাশে (×) চিহ্ন দাও :-

- ১) বৈশাখ মাস বর্ষাকাল --X--
- ২) একটি বৃষ্টিবিন্দু খুবই ক্ষুদ্র ও সামান্য ---√---
- ৩) বৃষ্টি শুষ্ক পৃথিবীকে সিক্ত করে ---√---
- ৪) একটি ক্ষুদ্র বৃষ্টিবিন্দুই পৃথিবীকে রক্ষা করে --X--
- ৫) ঐক্যই বল --X--
- ৬) বর্ষায়ুদ্ধে বায়ু ঘোড়ামাত্র ---√---

-----\*\*\*\*\*-----

